



নির্বাচন অগ্রাধিকার  
অভীভ জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৯.২০-১৪৫

তারিখ: ১৬ মাঘ ১৪৩০  
৩০ জানুয়ারি ২০২৪

**বিশেষ পরিপত্র**

**বিষয় : ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচনে প্রার্থীদের যোগ্যতা ও অযোগ্যতা সম্পর্কিত বিধান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৯ ধারায় মেয়র ও কাউন্সিলর পদে নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা সংক্রান্ত বিধান রয়েছে। উল্লিখিত ধারা ৯ এর উপধারা (২)(ঘ) ও (২)(ঙ) এর বিধান নিম্নরূপ:

“(২) কোন ব্যক্তি মেয়র বা কাউন্সিলর পদে নির্বাচিত হইবার জন্য এবং উক্তরূপ মেয়র বা কাউন্সিলর পদে থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

\*\*\*\* \* \* \* \* \*

(ঘ) কোন ফৌজদারি বা নৈতিক স্বলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অনূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) প্রজাতন্ত্রের বা সিটি কর্পোরেশনের বা কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;”

২। **ফৌজদারি মামলায় সাজা [আইনের ধারা ৯ এর উপধারা (২)(ঘ)]:** কোন প্রার্থী ফৌজদারি বা নৈতিক স্বলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হয়ে অনূন ২ বছর কারাদণ্ডে দণ্ডিত হলে এবং উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল হলে এবং আপিল আদালত নিম্ন আদালতের রায় বা সাজা স্থগিত না করলে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচনে অযোগ্য হবেন। এক্ষেত্রে উচ্চ আদালত আপিল গ্রহণ করলেও তিনি অযোগ্য হবেন বা সংশ্লিষ্ট প্রার্থী জামিন পেলেও অযোগ্য হবেন অর্থাৎ সংশ্লিষ্ট সাজা স্থগিত বা মওকুফ না হওয়া পর্যন্ত নির্বাচনে অযোগ্য হবেন।

৩। **লাভজনক পদে অধিষ্ঠিত থাকা [আইনের ধারা ৯ এর উপধারা (২)(ঙ)]:** সিটি কর্পোরেশন একটি সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ বিধায় সিটি কর্পোরেশনের মেয়র পদটি রিট পিটিশন ৯১২৪/২০০৮ এ মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক লাভজনক পদ সাব্যস্ত করা হয়েছে। কাজেই স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯ এর উপধারা (২)(ঙ) অনুযায়ী মেয়র পদে অধিষ্ঠিত কোন ব্যক্তি সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণে অযোগ্য বলে বিবেচিত হবেন। তবে উক্ত ব্যক্তি নির্বাচনের প্রার্থী হিসেবে অংশগ্রহণ করতে ইচ্ছুক হলে তাকে উক্ত পদ হতে পদত্যাগ করে প্রার্থী হতে হবে। কাউন্সিলর পদধারীগণ লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত নন বিধায় তাদেরকে পদত্যাগ না করে নির্বাচনে প্রার্থী হতে আইনগত কোন বাধা থাকবে না।

৪। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করছি।

(এম. মাজহারুল ইসলাম)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: sas\_emc1@gmail.com

প্রাপক : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল

ও

রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন

D:\After 15 Feb 2022\City Corporation\5 City Corporation\Poripatra\Special Poripatro.doc

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, পুট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাভ), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ..... (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ..... (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, ..... (সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..... (সংশ্লিষ্ট)
১৮. পুলিশ সুপার, ..... (সংশ্লিষ্ট)
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার ..... (সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ..... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট)
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট) থানা।

  
৩০/১/২০২৪

(মোহাম্মদ মোরশেদ আলম)  
সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা  
ফোন: ০২-৫৫০০৭৬১০